

HRD KOREA EPS CENTER IN BANGLADESH

বাংলাদেশে অনুষ্ঠিতব্য বিশেষ কোরিয়ান ভাষা পারদর্শিতা পরীক্ষার সময়সূচি ঘোষণা

<Special EPS TOPIK UBT (30th Round, 2026)>

২০২৬ সালে বাংলাদেশে অনুষ্ঠিতব্য স্পেশাল ইপিএস টপিক-এ অংশগ্রহণকারী ভিত্তিক সময়সূচি ঘোষণা

১। পরীক্ষার তারিখ: ৮ মে, ২০২৬ (তালিকা সংযুক্ত)।

২। পরীক্ষা কেন্দ্র: ইপিএস-টপিক ইউবিটি সেন্টার, এম ফ্লোর (৭ম তলা), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইক্সটেন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

৩। পরীক্ষার সময়সূচি:

| সেশন | পরীক্ষার্থী আইডেন্টিটি চেক (বোয়েসেল ব্রিফিং রুম) | পরীক্ষার্থী প্রশিক্ষণ | পরীক্ষা | |
|----------|------------------------------------------------------|-----------------------|-----------------|-------------------|
| | | | রিডিং (২৫মিনিট) | লিসেনিং (২৫মিনিট) |
| ১ম সেশন | 08:50~09:00 | 09:00~09:30 | 09:30~09:55 | 09:55~10:20 |
| ২য় সেশন | 10:20~10:30 | 10:30~11:00 | 11:00~11:25 | 11:25~11:50 |

➤ প্রত্যেক পরীক্ষার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে বোয়েসেল ব্রিফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে পরীক্ষার্থী প্রশিক্ষণ আরম্ভের পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে (১ম সেশন:- সকাল: 09:00, ২য় সেশন:- সকাল: 10:30 পর্যন্ত)। অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

❖ ইমেইলে কেউ প্রবেশপত্র না পেয়ে থাকলে পরীক্ষা অনুষ্ঠানের আগের দিন বোয়েসেলে স্বশরীরে উপস্থিত হয়ে প্রকাশিত পরীক্ষার্থীর তালিকা যাচাই সাপেক্ষে প্রবেশ পত্র সংগ্রহ করতে পারবেন।

৪। পরীক্ষার্থীর সতর্কতার বিষয়সমূহ:

৪.১। পরীক্ষার দিন বোয়েসেল-এর নোটিশ বোর্ড-এ প্রদর্শিত তালিকা থেকে নিজ আসন নম্বর নিশ্চিত হওয়ার পর বোয়েসেল-এর ব্রিফিং রুমে প্রবেশ করে পরীক্ষার্থীর তালিকায় প্রদর্শিত তথ্য সমূহ চেক করে স্বাক্ষর দিতে হবে।

৪.২। প্রশিক্ষণের নির্ধারিত সময় সীমার ভেতর ব্রিফিং রুমে উপস্থিত হয়ে আইডেন্টিটি চেক করিয়ে নিতে হবে।

৪.৩। সময়সীমা অতিক্রম করার পর আর কোনো অবস্থাতেই আইডেন্টিটি চেক এবং পরীক্ষার্থীর তালিকায় স্বাক্ষর নেয়া যাবে না।

৪.৪। পরীক্ষার দিন মূল পাসপোর্ট ও প্রবেশ পত্র (রেজিস্ট্রেশন-এর সময় যে পাসপোর্টটি ব্যবহার করা হয়েছিল) অবশ্যই সাথে থাকতে হবে; অন্যথায় পরীক্ষায় অংশ গ্রহণ করা যাবে না। কোনো প্রকার ফটোকপি বা থানার সাধারণ ডায়েরি (জিডি) কপি গ্রহণযোগ্য নয়।

৪.৫। পরীক্ষা কক্ষে প্রবেশ করার পর পরীক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত আসন ত্যাগ করা যাবে না।

৪.৬। পরীক্ষার দিন মোবাইল ফোন, ক্যামেরা, কলমসহ কোনো প্রকার ডিজিটাল যন্ত্র বা সরঞ্জাম সাথে আনা যাবে না। এসব দ্রব্যসমূহ সাথে থাকলে ব্রিফিং রুম থেকে পরীক্ষার হলে যেতে দেয়া হবে না।

৪.৭। পরীক্ষার দিন মোবাইল ফোন, ডিজিটাল ক্যামেরা ইত্যাদি অসদুপায় অবলম্বনে সহায়ক সরঞ্জাম পরীক্ষার্থীর কাছে পাওয়া গেলে পরীক্ষা থেকে বহিষ্কার করা হবে।

৪.৮। যে কোনো প্রকার অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে, এবং পরবর্তী ২ বছর পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

আদেশক্রমে
বোয়েসেল কর্তৃপক্ষ